রেজিস্টার্ড নং ডি এ-১ ২০১৭ সনের ১১ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মার্চ ১৬, ২০১৭

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ১১৯—১৩০ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীমকোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ৩২৭—৩৬৬ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ৫৩—৫৮ |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | ১—১৬ |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলদেশ সুপ্রীমকোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ২৫৭—২৭৬ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ১৭ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীমকোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলী সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
### তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ

### আদেশ

তারিখ, ১৯ পৌষ ১৪২৩/০২ জানুয়ারি ২০১৭

**নং ৫৬.০০.০০০০.০২০.৩১.০৪০.১৬.০২**—জনপ্রশাসন মন্ত্রণালয়ের পত্র নং ০৫.০০.০০০০.১৫২.১৫.০০৯.১৫-৭২, তারিখ : ১২-০৫-২০১৬ খ্রিঃ, অর্থ বিভাগের রাষ্ট্রায়ত্ত প্রতিষ্ঠান অধিশাখা-১ এর স্মারক নম্বর : ০৭.০০.০০০০.১২৬.০০.০০৪.১৬-৫১৯, তারিখ : ২৮-০৬-২০১৬ খ্রিঃ ও অর্থ বিভাগের বাস্তবায়ন অনুবিভাগ, বাস্তবায়ন শাখা-৩ এর স্মারক নম্বর : ০৭.০০.০০০০.১৬৩.১৪.০৩৫.১৫.১০৪, তারিখ ০৭-১১-২০১৬ খ্রিঃ তারিখ এর মাধ্যমে প্রাপ্ত সম্মতির প্রেক্ষিতে নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল (বিসিসি)-এর ৯৪ (চুরানব্বই) টি ক্যাটাগরীর মোট ১৬৪ (একশত চৌষট্টি) টি পদ আদেশ জারীর তারিখ থেকে ৩১-০৫-২০১৭ তারিখ পর্যন্ত অস্থায়ীভাবে রাজস্ব বাজেটে সৃষ্টির সরকারি মঞ্জুরী জ্ঞাপন করছি :

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | সদস্য (কারিগরি) | ৬৬০০০—৭৬৪৯০ গ্রেড-২য় | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ২ | সদস্য (নীতি, কৌশল ও উন্নয়ন) | ৬৬০০০—৭৬৪৯০ গ্রেড-২য় | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। www.bgpress.gov.bd

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৩ | সদস্য (সক্ষমতা উন্নয়ন ও মানব সম্পদ) | ৬৬০০০—৭৬৪৯০ গ্রেড-২য় | ১ | প্রেষণে সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৪ | পরিচালক (ডাটা সেন্টার) | ৫৬৫০০—৭৪৪০০ গ্রেড-৩য় | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৫ | পরিচালক (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন) | ৫৬৫০০—৭৪৪০০ গ্রেড-৩য় | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৬ | পরিচালক (নীতি, কৌশল ও পরিকল্পনা) | ৫৬৫০০—৭৪৪০০ গ্রেড-৩য় | ১ | প্রেষণে সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৭ | পরিচালক (কমপ্লায়েন্স ও লিগাল এ্যাফেয়ার্স) | ৫৬৫০০—৭৪৪০০ গ্রেড-৩য় | ১ | প্রেষণে সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হবেন। |
| ৮ | পরিচালক (মানব সম্পদ ও সেবা) | ৫৬৫০০—৭৪৪০০ গ্রেড-৩য় | ১ | প্রেষণে সরকার কর্তৃক নিয়োগ প্রাপ্ত হবেন। |
| ৯ | পরিচালক (বিডি আইটেক) | ৫৬৫০০—৭৪৪০০ গ্রেড-৩য় | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ১০ | পরিচালক (টেস্টিং, মান নিয়ন্ত্রণ ও সার্টিফিকেশন) | ৫৬৫০০—৭৪৪০০ গ্রেড-৩য় | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ১১ | বিশেষজ্ঞ (বাংলা প্রমিতকরণ) | ৫০০০০—৭১২০০ গ্রেড-৪র্থ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ১২ | ম্যানেজার (সিকিউরিটি অপারেশন) | ৫০০০০—৭১২০০ গ্রেড-৪র্থ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ১৩ | ম্যানেজার (ইন্টেলিজেন্ট বিল্ডিং ম্যানেজমেন্টস্) | ৫০০০০—৭১২০০ গ্রেড-৪র্থ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ১৪ | ম্যানেজার (নেটওয়ার্ক অপারেশন) | ৫০০০০—৭১২০০ গ্রেড-৪র্থ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ১৫ | ম্যানেজার (সিস্টেমস) | ৫০০০০—৭১২০০ গ্রেড-৪র্থ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ১৬ | ম্যানেজার (অপারেশন) | ৫০০০০—৭১২০০ গ্রেড-৪র্থ | ২ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ১৭ | ম্যানেজার (ইন্টার্ণশীপ) | ৫০০০০—৭১২০০ গ্রেড-৪র্থ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ১৮ | ম্যানেজার (টেস্টিং) | ৫০০০০—৭১২০০ গ্রেড-৪র্থ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ১৯ | এনালিস্ট (সার্ভার ও ক্লাউড সিকিউরিটি) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ২০ | এনালিস্ট (তথ্য নিরাপত্তা) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ২১ | এনালিস্ট (গবেষণা, উদ্ভাবন ও উন্নয়ন) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ২২ | এনালিস্ট (আইটিইএস) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ২৩ | এনালিস্ট (আইটিএসএস) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ২৪ | এনালিস্ট (পরিকল্পনা) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ২৫ | এনালিস্ট (ফাংশনাল/ ননফাংশনাল) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ২৬ | এনালিস্ট (সার্টিফিকেশন) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ২৭ | এনালিস্ট (কোড রিভিউ) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ২৮ | আর্কিটেক্ট (এন্টারপ্রাইজ ও ডাটা সেন্টার) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ২৯ | অডিটর (আইটি) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | মন্তব্য |
| --- | --- | --- | --- | --- |
| ৩০ | অডিটর (অভ্যন্তরীণ) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৩১ | অডিটর (ইনফ্রাস্ট্রাকচার) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৩২ | অডিটর (আইটিইএস) | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৩৩ | ডেপুটি ম্যানেজার (মানব সম্পদ) | ৩৫৫০০—৬৭০১০ গ্রেড-৬ষ্ঠ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৩৪ | পরীক্ষা নিয়ন্ত্রক | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ১ | প্রেষণে বিশ্ববিদ্যালয়ের এসোসিয়েট প্রফেসর পর্যায়ের কর্মকর্তা |
| ৩৫ | আঞ্চলিক পরিচালক | ৪৩০০০—৬৯৮৫০ গ্রেড-৫ম | ৭ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৩৬ | প্রোগ্রামার | ৩৫৫০০—৬৭০১০ গ্রেড-৬ষ্ঠ | ৭ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৩৭ | ইঞ্জিনিয়ার (লেয়ার টু সার্ভিস ডেস্ক) | ৩৫৫০০—৬৭০১০ গ্রেড-৬ষ্ঠ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৩৮ | এডমিনিস্ট্রেটর (ওয়েব) | ৩৫৫০০—৬৭০১০ গ্রেড-৬ষ্ঠ | ২ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৩৯ | এডমিনিস্ট্রেটর (উইন্ডোজ) | ৩৫৫০০—৬৭০১০ গ্রেড-৬ষ্ঠ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৪০ | এডমিনিস্ট্রেটর (লিনাক্স/ইউনিক্স) | ৩৫৫০০—৬৭০১০ গ্রেড-৬ষ্ঠ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৪১ | এডমিনিস্ট্রেটর (ডাটাবেজ) | ৩৫৫০০—৬৭০১০ গ্রেড-৬ষ্ঠ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৪২ | এডমিনিস্ট্রেটর (সার্ভার) | ৩৫৫০০—৬৭০১০ গ্রেড-৬ষ্ঠ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৪৩ | এডমিনিস্ট্রেটর (IP/VLAN/VPN) | ৩৫৫০০—৬৭০১০ গ্রেড-৬ষ্ঠ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৪৪ | এডমিনিস্ট্রেটর (ফায়ারওয়াল ও আইপিএস) | ৩৫৫০০—৬৭০১০ গ্রেড-৬ষ্ঠ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৪৫ | মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার | ৩৫৫০০—৬৭০১০ গ্রেড-৬ষ্ঠ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৪৬ | হার্ডওয়্যার ইঞ্জিনিয়ার | ৩৫৫০০—৬৭০১০ গ্রেড-৬ষ্ঠ | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৪৭ | সহকারী প্রোগ্রামার | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ৭ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৪৮ | সহকারী ডেভেলপার | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ২ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৪৯ | এ্যাসোসিয়েট (ইন্টেলিজেন্ট বিল্ডিং ম্যানেজমেন্টস্) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৫০ | এ্যাসোসিয়েট (নেট ওয়ার্ক কমিউনিকেশন) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৫১ | এ্যাসোসিয়েট (সিএ) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ২ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৫২ | এ্যাসোসিয়েট (ই-মেইল ও ওয়েব সার্ভিস ডেলিভারী) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৫৩ | এ্যাসোসিয়েট (BCP-DR) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৫৪ | এ্যাসোসিয়েট (লেয়ার ওয়ান সার্ভিস ডেলিভারী) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৫৫ | এ্যাসোসিয়েট (অপারেশন) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৫৬ | এ্যাসোসিয়েট (পরিকল্পনা) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৫৭ | এ্যাসোসিয়েট (পরিবীক্ষণ ও মূল্যায়ন) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৫৮ | এ্যাসোসিয়েট (এন্টারপ্রাইজ আর্কিটেকচার) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৫৯ | এ্যাসোসিয়েট (ডকুমেন্টেশন) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৬০ | এ্যাসোসিয়েট (আইন উপদেষ্টা) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৬১ | এ্যাসোসিয়েট (অডিট অভ্যন্তরীণ) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৬২ | এ্যাসোসিয়েট (অডিট কমপ্লায়েন্স) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৬৩ | এ্যাসোসিয়েট (সেমিনার ও প্রচারণা) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৬৪ | এ্যাসোসিয়েট (কনটেন্ট ব্যবস্থাপনা) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৬৫ | এ্যাসোসিয়েট (সার্টিফিকেট ব্যবস্থাপনা) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৬৬ | এ্যাসোসিয়েট (পরীক্ষা ব্যবস্থাপনা) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৬৭ | এ্যাসোসিয়েট (হেল্প ডেস্ক) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৬৮ | এ্যাসোসিয়েট (প্রশিক্ষক পুল ব্যবস্থাপনা) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৬৯ | এ্যাসোসিয়েট (মার্কেটিং) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ২ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৭০ | এ্যাসোসিয়েট (টেস্টিং) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৭১ | সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ২ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৭২ | সহকারী নেটওয়ার্ক ইঞ্জিনিয়ার | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ২ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৭৩ | সহকারী ইঞ্জিনিয়ার (ফ্যাসিলিটিজ অপারেশন) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ২ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৭৪ | কো-অর্ডিনেটর (সার্ভিস রিলেশনসিপ) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ২ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৭৫ | কো-অর্ডিনেটর (আইসিটি কোর্স) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৭৬ | কো-অর্ডিনেটর (আইটিইএস কোর্স) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৭৭ | কো-অর্ডিনেটর (প্রশ্নপত্র প্রণয়ন ও বিতরণ) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৭৮ | সহকারী প্রশিক্ষক | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ২ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৭৯ | টেকনিক্যাল রাইটার | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ৭ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৮০ | সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৮১ | লিয়াজোঁ অফিসার (আইটিইই) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|
| ৮২ | হিসাবরক্ষণ কর্মকর্তা | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৮৩ | সহকারী ম্যানেজর (মানব সম্পদ) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৮৪ | সহকারী ম্যানেজার (ক্রয় ও সরবরাহ) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৮৫ | সহকারী ম্যানেজার (ট্রাভেল ও প্রটোকল) | ২২০০০—৫৩০৬০ গ্রেড-৯ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৮৬ | ব্যক্তিগত সহযোগী | ১৬০০০—৩৮৬৪০ গ্রেড-১০ম | ৪ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৮৭ | নিরাপত্তা কর্মকর্তা | ১৬০০০—৩৮৬৪০ গ্রেড-১০ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৮৮ | উপ-সহকারী প্রকৌশলী (সিভিল) | ১৬০০০—৩৮৬৪০ গ্রেড-১০ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৮৯ | উপ-সহকারী প্রকৌশলী (ইলেকট্রিক্যাল) | ১৬০০০—৩৮৬৪০ গ্রেড-১০ম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৯০ | গাড়ি চালক | টা: ১৭০৪৫/- (ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য), টা:১৬১১৫/- (চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য), টা: ১৫৬৫০/- (অন্যান্য এলাকার জন্য) | ১৮ | অর্থ বিভাগের আউট সোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য |
| ৯১ | স্ক্যানিং সহকারী | ৯৩০০—২২৪৯০ গ্রেড-১৬তম | ১ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৯২ | ল্যাব সহকারী | ৯০০০—২১৮০০ গ্রেড-১৭তম | ১৫ | বিসিসি'র প্রবিধানমালা অনুযায়ী নিয়োগ প্রাপ্ত হবেন |
| ৯৩ | অফিস সহায়ক | টা: ১৫৫৫০/- (ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য), টা:১৪৯৫০/- (চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য), টা: ১৪৪৫০/- (অন্যান্য এলাকার জন্য) | ৩ | অর্থ বিভাগের আউট সোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য |
| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল ২০১৫ অনুযায়ী) | পদ সংখ্যা | মন্তব্য |
| ৯৪ | বাবুর্চি | টা: ১৫৫৫০ (ঢাকা মেট্রোপলিটন এলাকার জন্য) টা: ১৪৯৫০/- (চট্টগ্রাম, খুলনা, রাজশাহী, সিলেট, বরিশাল, রংপুর, নারায়ণগঞ্জ ও গাজীপুর সিটি কর্পোরেশন এবং সাভার পৌর এলাকার জন্য) টাকা ১৪৪৫০ (অন্যান্য এলাকার জন্য)। | ১ | অর্থ বিভাগের আউট সোর্সিং নীতিমালা-২০০৮ অনুযায়ী পদ পূরণযোগ্য। |

১। উক্ত পদসমূহের ব্যয় বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর সংশ্লিষ্ট খাত হতে নির্বাহ করা হবে।

২। উল্লিখিত পদগুলো সৃজনে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের মাননীয় মন্ত্রীর অনুমোদন গ্রহণ করা হয়েছে।

৩। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল-এর নিয়োগবিধি/প্রবিধানমালায় প্রয়োজনীয় সংশোধনী আনতে হবে।

৪। উপরিউল্লিখিত পদগুলো বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল চাকুরী প্রবিধিমালা অনুযায়ী পরিচালিত হবে।

**কাজী মোহাম্মদ সেলিম**
উপসচিব।

**শিক্ষা মন্ত্রণালয়**
**অধিশাখা-৭ (কলেজ-২)**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১৫ অগ্রহায়ণ ১৪২৩/২৯ নভেম্বর ২০১৬

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০৪৭.১১-৮৯২**—যেহেতু, বি. সি.এস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব মানজু মান আরা (০১৫৩৯২), প্রভাষক (হিসাব বিজ্ঞান), শ্রীনগর সরকারি কলেজ, মুন্সিগঞ্জ গত ১৬-০৪-২০১০ তারিখ হতে অননুমোদিতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৩(বি) ও ৩(সি) বিধি মোতাবেক "অসদাচরণ" ও "ডিজারশন" এর অভিযোগে বিভাগীয় মামলা রুজু করা হয়। বিভাগীয় মামলায় তাঁকে কারণ দর্শানোর নোটিশ প্রদান করা হলে তিনি উক্ত নোটিশের জবাব দাখিল করেননি। অতঃপর বিধি অনুযায়ী বিষয়টি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হয়। তদন্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণ হয়। তাঁকে দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়। কিন্তু দ্বিতীয় কারণ দর্শানো নোটিশটি অভিযুক্ত কর্মকর্তা কানাডা থাকেন বিধায় ফেরত দেন। এতে প্রতীয়মান হয় যে, অভিযুক্ত কর্মকর্তা অদ্যাবধি অননুমোদিতভাবে দেশের বাইরে অবস্থান করছেন;

যেহেতু, জনাব মানজু মান আরা এর আলোচ্য বিভাগীয় মামলা সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তাঁর বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণ হওয়ায় তাঁকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩) (সি) অনুযায়ী "চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করার উক্ত সিদ্ধান্তে বাংলাদেশ পাবলিক সার্ভিস কমিশন একমত পোষণ করে এবং মহামান্য রাষ্ট্রপতিও সদয় অনুমোদন করেছেন;

সেহেতু, জনাব মানজু মান আরা (০১৫৩৯২), প্রভাষক (হিসাববিজ্ঞান), শ্রীনগর সরকারি কলেজ, মুন্সিগঞ্জ কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর বিধি ৪(৩) (সি) অনুযায়ী "চাকুরি হতে অপসারণ (Removal from Service)" করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

---

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**

**প্রজ্ঞাপন**

তারিখ, ১২ পৌষ ১৪২৩/২৬ ডিসেম্বর ২০১৬

**নং ৩৭.০০.০০০০.০৬৮.২৭.০২১.১৬-৯৩২**—যেহেতু বি. সি. এস. (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তা জনাব আবুল কালাম আজাদ (৮০৪৭), শিক্ষা পরিদর্শক, পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তর, ঢাকা (বর্তমানে সহযোগী অধ্যাপক (ইংরেজি), সরকারি নাজিম উদ্দিন কলেজ, মাদারীপুর) এর বিরুদ্ধে বিশেষ সংস্থা কর্তৃক তদন্ত প্রতিবেদন অনুযায়ী তার বিরুদ্ধে দুর্নীতি, অনিয়ম ও সরকার বিরোধী কর্মকান্ডে লিপ্ত হওয়ার অভিযোগে বিভাগীয় মামলা রুজু করে কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়;

যেহেতু, তিনি উক্ত কারণ দর্শানো নোটিশের জনাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানি প্রার্থনা করেন। গত ৩০-১০-২০১৬ তারিখে তার ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানীতে তিনি জানান যে, তিনি ০৫-১২-২০০১ তারিখ থেকে ১৭-০৪-২০০৪ তারিখ পর্যন্ত মৌলভীবাজার ও সিলেট জেলায় কর্মরত ছিলেন। ২০০২ সালে তিনি ডিআইএ-তে কর্মরত ছিলেন না। তিনি সহযোগী অধ্যাপক পদে পদোন্নতি প্রাপ্ত হন ০৫-১০-২০১০ তারিখে এবং ০৬-১০-২০১০ তারিখে পরিদর্শন ও নিরীক্ষা অধিদপ্তরে পরিদর্শক পদে যোগদান করে ০৯-১১-২০১৪ তারিখ পর্যন্ত কর্মরত ছিলেন। পরবর্তীতে তিনি ২৬-০১-২০১৫ তারিখ থেকে ০৪-০৮-২০১৬ তারিখ পর্যন্ত শিক্ষা পরিদর্শক পদে কর্মরত ছিলেন। সুতরাং, সহযোগী অধ্যাপক হওয়া স্বত্বেও সহকারী অধ্যাপকের পদমর্যদা সম্পন্ন শিক্ষা পরিদর্শক পদে ১৬ বছর কর্মরত থাকা সংক্রান্ত প্রতিবেদনের বক্তব্য যথার্থ নয়। তিনি একজন মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী একজন সরকারি কর্মকর্তা। জঙ্গিবাগ ও ধর্মন্ধতা তিনি ঘৃণা করেন। মে/২০১৩ খ্রিঃ হেফাজত আন্দোলনে প্রচ্ছন্ন সমর্থন দেওয়া সংক্রান্ত বক্তব্য সম্পূর্ণ মিথ্যা ও ভিত্তিহীন তাঁর স্ত্রী বর্তমানে নারায়ণগঞ্জ জেলা রূপগঞ্জ থানার উপজেলা নির্বাহী কর্মকর্তা হেসেবে কর্মরত। চট্টগ্রামের কোতোয়ালী থানায় জঙ্গি অর্থায়ন ও মানি লন্ডারিং সংক্রান্ত একটি মামলা রুজু হয় যার নং-৬৯, তারিখ ২৮-১০-২০১৪ ঐ মামলার এজাহার অনুযায়ী অভিযুক্ত সৈয়দ মোঃ সৈয়দুল আলম শাহজাহান মাইজভান্ডারী জানান যে, চেকটি তাঁকে (মাইজভান্ডারীকে) তাঁর বন্ধু শিক্ষা অধিদপ্তর ঢাকার সহকারী পরিচালক জনাব আবুল কালাম আজাদ, মোবাইল নম্বর-০১৭১১-৯৩৮২৫৯ প্রদান করেছেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগ অস্বীকার করে লিখিত বক্তব্য ও কাগজপত্র দাখিল করেছে;

যেহেতু, তার লিখিত বক্তব্য ও বিশেষ প্রাপ্ত প্রতিবেদন পর্যলোচনা করা হলো। উক্ত তদন্ত প্রতিবেদনে জনাব আবুল কালাম আজাদ একজন সৎ, প্রগতিশীল এবং মুক্তিযুদ্ধের চেতনায় বিশ্বাসী হলেও যারা মিথ্যা অভিযোগ দিয়ে তাকে পারিবারিক, সামাজিক এবং কর্মক্ষেত্রে যে বিব্রতকর পরিস্থিতি এবং হয়রানির শিকার হয়েছে মর্মে জানিয়েছেন। তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ যথাযথ নয় বিদায় তাকে অভিযোগসমূহ হতে অব্যাহতি প্রদান করার সিদ্ধান্ত গ্রহণ করা হয়;

সেহেতু, জনাব আবুল কালাম আজাদ (৮০৪৭), সহযোগী অধ্যাপক (ইংরেজি), সরকারি নাজিম উদ্দিন কলেজ, মাদারীপুর এর ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত জবানবন্দি এবং বিভাগীয় মামলার সংক্রান্ত সকল রেকর্ডপত্র পর্যালোচনান্তে তার বিরুদ্ধে আনীত অভিযোগ হতে অব্যাহতি প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ সোহরাব হোসাইন**
সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**আইন-৩ অধিশাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ, ৯ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/২৩ নভেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৬-৫৯০**—ডিএমপি, ঢাকার চকবাজার থানার মামলা নং ০৯, তারিখ ১৩-১১-২০১৫ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২) এর (ই) (ঈ) গত ২০-১০-২০১৫ খ্রিঃ তারিখ চকবাজার মডেল থানাধীন ২২/ক ঢাকেশ্বরী রোডস্থ বিসমিল্লাহ হোটেলের সামনে পাকা রাস্তার ফুটপাতের উপর আসামী মোঃ সাইফুল্লাহ @ আব্দুল আলিম (২৪) পিতা-আঃ মজিদ সরকারসহ ও অন্যান্য আসামীগণ রাষ্ট্রের নিরাপত্তা বিঘ্নিত, প্রজাতন্ত্রের কোন ব্যক্তি বা সম্পত্তির ক্ষতি সাধন করার উদ্দেশ্যে সহায়তা বা প্ররোচিত করা, জনসাধারণ বা জনসাধারণের কোন অংশের মধ্যে আতংক সৃষ্টি করা, ইসলামী উগ্র জঙ্গিবাদকে উৎসাহিত ও প্ররোচিত করা যা রাষ্ট্র এবং সরকারের বিরুদ্ধে বিভিন্ন সময় সংগঠিত ধারাবাহিক ষড়যন্ত্রের অংশ হিসেবে ভিডিও ধারণ করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৬-৫৯১**—ডিএমপি, ঢাকার খিলগাঁও থানার মামলা নং ০৩, তারিখ ০১-১১-২০১৫ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ১০ গত ০১-১১-২০১৫ খ্রিঃ তারিখ খিলগাঁও থানাধীন সি-ব্লকস্থ খিলগাঁও উচ্চ বিদ্যালয়ের মাঠ সংলগ্ন গেইটের সামনে রাস্তার উপর আসামী মাহবুবা আহম্মেদ মিমি (৪৭) স্বামী মোঃ ইকবাল করিম নিপুসহ ও অন্যান্য আসামীগণ সন্ত্রাসী কার্যের মাধ্যমে অপরাধ সংঘটনের ষড়যন্ত্র করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ, ১২ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/২৬ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪ (অংশ-১)-৬৬৭**—ডিএমপি, ঢাকা বনানী থানার মামলা নম্বর-২৮, তারিখ-১৬-০৬-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/ ২০১৩ এর ৮-৯-১৩ ধারা গত ১৬-০৬-২০১৬ খ্রিঃ ডিএমপি, ঢাকা বনানী থানাধীন মহাখালী আমতলী টু গুলশানগামী রাস্তার তিতুমীর কলেজ হোস্টেল গেইট বটতলা সংলগ্ন ১৭ মহাখালী বা/এ আর সি কনকর্ড টাওয়ারের দক্ষিণ পাশের দেয়ালে আসামী মোঃ দেলোয়ার হোসেন @ শ্রাবন @ রহিম, পিতা-আবুল বাশার হাওলাদারসহ ও অন্যান্য আগামী নিষিদ্ধ ঘোষিত হিযবুত তাহরীরের সংগঠনের সদস্য হয়ে সরকার বিরোধী পোষ্টার লাগানোসহ উক্ত নিষিদ্ধ সংগঠনকে সমর্থনপূর্বক শক্তিশালী করার লক্ষ্যে সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করাসহ সরকার বিরোধী পোষ্টার তৈরী, পোষ্টার লাগানোর চেষ্টা ও হেফাযতে রাখার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪ (অংশ-১)-৬৬৮**—ডিএমপি, ঢাকা ডেমরা থানার মামলা নম্বর-০৪, তারিখ-৩-৯-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) এর ৮/৯/১০/১২ ধারা গত ০৩-০৯-২০১৬ খ্রিঃ ডিএমপি, ঢাকা ডেমরা থানাধীন বাশেরপুল পাড়াডগাই নুতনপাড়া, হযরত শাহজালাল রোড এসিগলিস্থ আসামী মোঃ মহিবুল্লাহ এর ফ্লাটের ড্রইং রুমে আসামী মোঃ মহিবুল্লাহ (৩৫) পিতা-মোঃ শফিউল্লাহসহ ও অন্যান্য আসামীগণ নিষিদ্ধ সংঘটনের সদস্য, সমর্থন করতঃ অপরাধ সংঘটনের ষড়যন্ত্র ও সহায়তার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৪ (অংশ-১)-৬৬৯**—ডিএমপি, ঢাকা খিলগাঁও থানার মামলা নম্বর-২০, তারিখ ২৬-০৭-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/ ২০১৩) এর ১০ গত ২৫-০৭-২০১৬ খ্রিঃ ডিএমপি, ঢাকা খিলগাঁও থানাধীন ২৯৮ শান্তিপুর, দক্ষিণ গোড়ানস্থ এলাকায় মিসেস আমাতুল কুদ্দুস মহসিনা (৬০) ২নং ওয়ার্ড জামাত ইসলামী সেক্রেটারী, স্বামী মোঃ শাইখুল ইসলামসহ ও অন্যান্য আগামীগণ জামাত শিবিরের সদস্য। আসামীগণ সরকার বিরোধী বিভিন্ন কর্মকান্ড, নতুন কর্মী সংগ্রহ সংগঠনের কার্যক্রমকে গতিশীল করার ষড়যন্ত্র করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ, ১৪ পৌষ ১৪২৩ বঙ্গাব্দ/২৮ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৬-৬৮০**—ডিএমপি, ঢাকা গেন্ডারিয়া থানার মামলা নম্বর-১৭, তারিখ ২০-০৮-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/ ২০১৩) এর ৮/৯/১০/১২ ধারা গত ১৯-০৮-২০১৬ খ্রিঃ ডিএমপি, ঢাকা গেন্ডারিয়া থানাধীন ২৯/এ রজনী চৌধুরী রোডস্থ গেন্ডারিয়া জামে মসজিদের সামনে পাকা রাস্তার উপর আসামী মোঃ হাফিজুর রহমান (২৯) পিতা-মৃত হারুন অর রশিদসহ অন্যান্য আসামীগণ নিষিদ্ধ ঘোষিত জঙ্গী সংগঠন হিযবুত তাহরীর এর কতিপয় সদস্য বাংলাদেশের অখন্ডতা সংহতি, জননিরাপত্তা বা সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য নিষিদ্ধ জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর এর পক্ষে এবং বর্তমান সরকারের বিপক্ষে লিফলেট বিতরণ করার অপরাধ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহন করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিদায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৬-৬৮১**—গাইবান্ধা জেলার পলাশবাড়ী থানার মামলা নম্বর-০৩, তারিখ ০৫-০৯-২০১৫ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২) এর উপধারা (ক) (অ) (ঈ)/(৩) এর উপধারা (ঘ)/(৪) এর উপধারা (খ)/১২ গত ০৪-০৯-২০১৫ খ্রিঃ তারিখ গাইবান্ধা জেলার পলাশবাড়ী গৃধারীপুর মৌজাস্থ ব্র্যাক মোড় বাজার হইতে নিশ্চিন্তপুরগামী কাচাঁ রাস্তার সংলগ্ন আসামী আবুল কাওছার মোহাম্মদ নজরুল ইসলাম @ লেবু মাওলানা (৫০) পিতা : মৃত আমীর হোসেনসহ অন্যান্য আগামীগণ পূর্ব পরিকল্পিতভাবে ও পরস্পরের সহায়তায় ইট পাটকেল, ককটেল ও চকলেট বোমা নিক্ষেপ করে বিস্ফোরণ ঘটিয়ে জননিরাপত্তা বিঘ্নিত করার উদ্দেশ্যে জনমনে আতংক সৃষ্টি করার অপরাধ। এছাড়া, আসামীগণ বাংলাদেশের জননিরাপত্তা বা সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি করে সরকার বা যেকোন ব্যক্তিকে হত্যা বা গুরুতর আঘাত করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিদায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৬-৬৮২**—ময়মনসিংহ জেলার কোতোয়ালী মডেল থানার মামলা নম্বর-১২১, তারিখ ২৮-১১-২০১৫ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/ ২০১৩) এর ৭/১০/১১ ধারা গত ২৮-১১-২০১৫ খ্রিঃ তারিখ ময়মনসিংহ জেলার কোতোয়ালী মডেল থানাধীন গোষ্টা দক্ষিণপাড়া সাকিনস্থ আসামীর বসত বাড়ীতে আবুল খায়ের মোঃ আব্দুল্লাহ @ খায়ের মুন্সি (৫৫) পিতা-মৃত রস্তম আলীসহ ও অন্যান্য আসামীগণ গোপন যোগাযোগের মাধ্যেমে একত্রিত হয়ে সরকার পতনের নিমিত্তে শহরের বিভিন্ন স্থানে নাশকতামূলক কর্মকাণ্ড পরিচালনার ও পরিকল্পনা প্রণয়ন ও কর্মকাণ্ড গতিশীল এবং উৎসাহিত করার উদ্দেশ্যে অপরাধ সংঘটনের ষড়যন্ত্র সন্ত্রাসী কার্য পরিচালনার প্রচেষ্টার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিদায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০৩.১৫-৬৮৩**—যশোর জেলার অভয়নগর থানার মামলা নম্বর-০৭, তারিখ ১৩-০৬-২০১৬ খ্রিঃ ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৮/৯/১০/১৩ গত ১৩-০৬-২০১৬ খ্রিঃ তারিখ যশোর জেলার অভয়নগর থানাধীন সিদ্ধিপাশা গ্রামস্থ সাতআড়িয়া আহমাদিয়া দাখিল মাদ্রাসার পূর্ব পার্শ্বের শ্রেণি কক্ষে আসামী এস এম উজ্জল (৩২) পিং-শেখ ইমান আলীসহ অন্যান্য আসামীগণ নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংগঠন হিযবুত তাহরীর এর সক্রিয় সদস্য। তাহারা সরকার উৎখাত এবং জঙ্গি তৎপরতার মাধ্যমে দেশকে একটি অকার্যকর রাষ্ট্রে পরিণত করার উদ্দেশ্যে ষড়যন্ত্রে লিপ্ত। এছাড়া, আসামীগণের বিরুদ্ধে নিষিদ্ধ ঘোষিত জঙ্গি সংঘটনের অন্তর্ভুক্তি হয়ে অপরাধ ষড়যন্ত্রের তথা সন্ত্রাসী কর্মকান্ডের প্ররোচিত করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৬-৬৭৮**—ডিএমপি ঢাকা পল্লবী থানার মামলা নম্বর-৩৪, তারিখ ১০-০৬-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) এর ৮/৯/১২ ধারা গত ১০-০৬-২০১৬ খ্রিঃ ডিএমপি, ঢাকা পল্লবী থানাধীন সেকশন-০৬, ব্লক-ডি, ৬ নং কেন্দ্রীয় জামে মসজিদের পূর্ব পাশের মেইন গেইটের সামনে পাকা রাস্তার উপর মোহাম্মদ সোহেল রানা মঞ্জু @ হাইউল (২২) পিতা মোঃ আঃ হেকিমসহ ও অন্যান্য আসামীগণ নিষিদ্ধ ঘোষিত সংগঠনের সদস্য হওয়া এবং সংগঠনকে সমর্থন দেয়ার জন্য লিফলেট ও ম্যাগাজিন বিতরণ করার অপরাধ তদন্তে প্রাথমিক প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৬-৬৭৭**—ডিএমপি ঢাকা মোহাম্মদপুর থানার মামলা নম্বর-৬৪, তারিখ ২১-০৬-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) এর ৮/৯/১৩ গত ২১-০৬-২০১৬ খ্রিঃ ডিএমপি, ঢাকা মোহাম্মদপুর থানাধীন রোড নং-১, বাড়ি নং-১৪ মোহাম্মদিয়া হাউজিং লিমিটেড এর মালিক এলাহী সাহেবের বিল্ডিং এর নীচতলা আসামী মোঃ রেজাউল ইসলাম @ সানি (২২), পিতা-মোঃ আব্দুস সাত্তারসহ অন্যান্য আসামীগণ নিষিদ্ধ সংগঠনের সমর্থক সদস্য ও সন্ত্রাসী কর্মকাণ্ড প্ররোচণা করার অপরাধ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৬-৬৭৬**—ডিএমপি ঢাকা শেরেবাংলা নগর থানার নম্বর-০৭, তারিখ ০৭-০৯-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) এর ৯(১)/১০/১১/১২ গত ০৬-০৯-২০১৬ খ্রিঃ ডিএমপি ঢাকা শেরেবাংলা নগর থানাধীন ফার্মগেটস্থ আনন্দ সিনেমা হলের বিপরীতে আসামী মোঃ আমিনুল ইসলাম, পিতা-মৃত আব্দুল হকসহ ও অন্যান্য আসামীগণ একটি নিষিদ্ধ সংঘটনের সদস্য হয়ে পরস্পর যোগসাজশে দেশের সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য জনসাধারণের মাঝে আতংক এবং সরকার উৎখাতের উদ্দেশ্যে সন্ত্রাসী কর্মকান্ডসহ অপরাধ সংঘটনের ষড়যন্ত্র ও প্রচেষ্টা করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৬-৬৭৯**—ডিএমপি ঢাকা শেরেবাংলা নগর থানার মামলা নং-২৫, তারিখ ২৪-০৮-২০১৬, পাসপোর্ট আইন, ১৯৫২ এর ধারা ৩(১) চ ডিএমপি ঢাকার শেরেবাংলা নগর থানাধীন বিভাগীয় পাসপোর্ট অফিসের দক্ষিণ পার্শ্বে আল্লাহরদান হোটেলের সামনে পাকা রাস্তার উপর আসামী আবু জাফর (৪২) পিতা আকলেছ মোল্লাসহ অন্যান্য আসামীগণ রাষ্ট্রের স্বার্থের পরিপন্থি অসৎ উদ্দেশ্যে অবৈধভাবে অন্যের নামে ইস্যুকৃত পাসপোর্ট নিজ হেফাজতে রাখার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে সরকারের অনুমোদন (Sanction) প্রদান করা আইনগতভাবে আবশ্যকীয় বিধায় পাসপোর্ট (অপরাধ) আইন, ১৯৫২ এর ধারা ৩ উপধারা (২) এর অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৬-৬৮৪**—রংপুর জেলার পীরগাছা থানায় জিডি নং-১২১৮, তারিখ ৩০-০৯-২০১৬ এর বর্ণনা মোতাবেক গত ৩০-০৯-২০১৬ তারিখ রাত্রী অনুমান ০২.০০ ঘটিকার সময় অত্র থানাধীন পঞ্চানন সার্বজনীন কালী মন্দিরে আসামী মোঃ আব্দুর রাজ্জাক (৪৫), পিতা-মৃত চাঁন মিয়া প্রবেশ করে কালী মূর্তি ভাংচুর করে মূর্তি মন্দির হতে টানা হেচড়া করে বাহির করে মন্দিরের নিকটস্থ নালায় ভাসিয়ে দেয়ার সময় আরজিতে বর্ণিত সাক্ষীগণ ঘটনা দেখে আসামীকে আটক করার চেষ্টা করলে আসামী দৌড়িয়ে পালিয়ে যায়। আসামী হিন্দু ধর্মের প্রতি অকথ্য ভাষায় গালিগালাজ করে হিন্দু ধর্মকে অবমাননা করার উদ্দেশ্যে কালী মন্দির ভাংচুর করে যা ধর্মীয় অনুভূতিতে মারাত্মক আঘাত হাবে। এহেন ঘটনায় ধর্মীয় অনুভূতিতে আঘাত করার মাধ্যমে উক্ত আসামী দণ্ডবিধির ২৯৫/২৯৫-ক ধারায় দণ্ডনীয় অপরাধ করেছে। এ প্রেক্ষিতে দণ্ডবিধি ১৮৬০ এর ২৯৫-ক ধারায় মামলা রুজুর লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিদায় ফৌদারী কার্যবিধি, ১৮৯৮ এর ১৯৬ ধারার অধীন সরকারের অনুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হল।

তারিখ, ২৪ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/৮ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৪-৬৩৪**—ময়মনসিংহ জেলার মুক্তাগাছা থানার মামলা নম্বর-০৩, তারিখ ০২-১২-১৫ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৭/১০/১১/১২ গত ১২-১২-২০১৫ খ্রিঃ তারিখ ময়মনসিংহ জেলার মুক্তাগাছা থানাধীন পয়ারকান্দী খাদ্য গুদাম রোডস্থ ২নং আসামী মাওলানা বদরুল আলমের বসত বাড়ীতে আসামী মোঃ মোজাম্মেল হক আকন্দ (৫০), পিতা-মোঃ তৈয়ব উদ্দিনসহ ও অন্যান্য আসামীগণ সন্ত্রাসী কার্যে অর্থায়ন যোগান, অপরাধ সংগঠনের ষড়যন্ত্র, অপরাধ সংঘটনের চেষ্টা করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১২.১৬-৬৩৫**—চট্টগ্রাম জেলার রাউজান থানার মামলা নম্বর-১৭, তারিখঃ ১৬-০৬-২০১৬ খ্রিঃ ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২) উপধারা (১) এর দফা (ক) এর উপদফা (ই) ও (ঈ)/৮/১১/১৩ ধারা গত ১৬-৬-২০১৬ খ্রিঃ তারিখ চট্টগ্রাম জেলার রাউজান থানাধীন ইয়াছিন নগরস্থ ছালে আহম্মদ তালুকদার বাড়ির মহিবুল আলমের শয়ন কক্ষের ভিতর আসামী মোহাম্মদ মহিবুল আলম @ মহিম (২৬), পিতা-মোঃ মনসুর আলম মাষ্টারসহ ও অন্যান্য আসামীগণ নিষিদ্ধ সংগঠন হিজবুত তাহরীর এর সদস্য, অপরাধ সংগঠনের প্রচেষ্টা ও সন্ত্রাসী কর্মকাণ্ডে প্ররোচিত করার চেষ্টায় দলিল/লিফলেট সংগ্রহ ও বিতরণের উদ্দেশ্যে হেফাজতে রাখার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্‌দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম কে হাসান মাহমুদ**
সহকারী সচিব।

## কারা-২ শাখা

### প্রজ্ঞাপন

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৩/14 ডিসেম্বর ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০২৪.০১.০০২.১৫-৫১৪**—১৬ ডিসেম্বর মহান বিজয় দিবস, ২০১৬ উপলক্ষে মুক্তিযোগ্য কয়েদীদের মুক্তি প্রদানের বিষয়ে ফৌজদারী কার্যবিধি ৪০১(১) ধারার ক্ষমতাবলে সরকার নিম্নবর্ণিত ০৮(আট) জন কয়েদীর অবশিষ্ট কারাদণ্ড ও জরিমানা দণ্ড (প্রযোজ্য ক্ষেত্রে) মওকুফ করেছে:

| ক্র:নং | কয়েদী নম্বর, নাম, পিতার নাম ও বয়স | কারাগারের নাম |
|---|---|---|
| ১. | কয়েদী নং-৩৫৭০/এ আবুল হোসেন, পিতা-মৃত সুলতান আহাম্মদ, বয়স-২৯ বছর। | নোয়াখালী জেলা কারাগার |
| ২. | কয়েদী নং-৬২০৮/এ, আজমির হোসেন, পিতা-আব্দুর রশিদ, বয়স-৩৫ বছর। | ফেনী জেলা কারাগার |
| ৩. | কয়েদী নং-১৬৫৯/এ, তোরাব আলী, পিতা-মৃত হুসমত উল্লা (টটাই), বয়স-৭৫ বছর। | মৌলভীবাজার জেলা কারাগার |
| ৪. | কয়েদী নং-৮৬১৭/এ শ্রী ভোলানাথ @ ভোলা, পিতা-শ্রী বুল্ডল, বয়স-৪০ বছর। | নওগাঁ জেলা কারাগার |
| ৫. | কয়েদী নং-১৭৩৬/এ মোঃ জাবেদ আলী, পিতা-মোঃ গোলাম রসুল, বয়স-৩০ বছর। | রাজশাহী জেলা কারাগার |
| ৬. | কয়েদী নং-১৯৪৩/এ আঃ মান্নান, পিতা-মৃত আছের উদ্দিন (পচা কামার), বয়স-৩৬ বছর। | দিনাজপুর জেলা কারাগার |
| ৭. | কয়েদী নং-২৪৩৪/এ মোঃ মংহলা অং মারমা, পিতা-মৃত কংচাই মারমা, বয়স-৪৫ বছর। | রাঙ্গামাটি জেলা কারাগার |
| অচল, অক্ষম, দৃষ্টি-শক্তি নষ্ট এবং দুরারোগ্য মরণ ব্যাধিতে আক্রান্ত | | |
| ৮ | কয়েদী নং-৬২২১/এ সুলতান আহাম্মদ, পিতা-মৃত আঃ মজিদ, বয়স-৯০ বছর। | ফেনী জেলা কারাগার |

২। এ আদেশে মহামান্য রাষ্ট্রপতির সদয় অনুমোদন রয়েছে।

৩। অন্য কোন কারণে আটক রাখা আবশ্যক না হলে তাদেরকে অবিলম্বে মুক্তি প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোহাম্মদ আলী**
সহকারী সচিব।

## আইন-৩ অধিশাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখঃ ২৪ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/৮ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৬-৬২৬**—ঢাকা জেলার কাফরুল থানার মামলা নম্বর-২১, তারিখ: ০৮-০৩-২০১৫ খ্রিঃ ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) এর ৬(১), (ক), (অ), (ই) গত ০৭-০৩-২০১৫ খ্রিঃ তারিখ কাফরুল থানাধীন পুলিশ স্টাফ কলেজের পশ্চিম পার্শ্বে গেইটের সামনে পাকা রাস্তার উপর অসামীগণ দেশের অখণ্ডতা, সংহতি, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টি করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৬.১৬-৬২৭**—ঢাকা জেলার ডিএমপি সবুজবাগ থানার মামলা নম্বর-৩২, তারিখ: ২৬-০৭-২০১৬ খ্রিঃ ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২)/১২ গত ২৬-০৭-২০১৬ খ্রিঃ তারিখ ডিএমপি সবুজবাগ থানাধীন ১/এ উত্তর মাদারটেকস্থ বাসার নীচ তলার মুনলাইট স্কুলের দক্ষিণ পার্শ্বের সর্বপূর্বের রুমের ভিতর আসামী মোঃ আতাউর রহমান (২৭), পিতা-হাফিজ উদ্দিনসহ ও অন্যান্য আসামীগণ উগ্রমতবাদ সম্পর্কিত লিফলেট, বই ও বিস্ফোরক দ্রব্য নিজ হেফাজতে রেখে স্বাধীন রাষ্ট্রের জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৮.১৬-৬৩২**—সিলেট জেলার জকিগঞ্জ থানার মামলা নম্বর-০৫, তারিখ: ১৩-০৬-২০১৬ খ্রিঃ ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) এর ৬(২) (ই) (ঈ)/১০/১২/১৩ ধারা গত ১৩-০৬-২০১৬ খ্রিঃ তারিখ সিলেট জেলার জকিগঞ্জ থানাধীন লালগ্রাম সাকিনস্থ পলাতক আসামী মঈন উদ্দিন মাস্টারের বাড়ীর বসতঘরে আসামী এনাম উদ্দিন আহমদ (৪৮), পিতা-মৃত মঈন উদ্দিন আহম্মদসহ ও অন্যান্য আসামীগণ সন্ত্রাসী কার্যকলাপ করার উদ্দেশ্যে একত্রিত হয়ে ষড়যন্ত্র করাসহ উস্কানী দেয়ার জন্য জিহাদী বই ও লিফলেট বিতরণ করার অপরাধ। এছাড়া আসমীদের বিরুদ্ধে পরস্পর যোগসাজশে সনাতন ধর্মাবলম্বীদের মন্দিরের সেবায়েত, পুরোহিত ও ধর্মীয় যাজকদের হত্যা করার ষড়যন্ত্রের অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৭.১৬-৬৩৩**—পাবনা জেলার আতাইকুলা থানার মামলা নম্বর-০৩, তারিখ: ০৬-০৬-২০১৬ খ্রিঃ ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২) (ঈ)/১০/১২/১৩ ধারা গত ০৬-০৬-২০১৬ খ্রিঃ তারিখ পাবনা জেলার আতাইকুলা থানাধীন পুষ্পপাড়া গ্রামস্থ বিপি হাই স্কুল এর পূর্বদুয়ারী টিনশেড স্কুল ঘরের উত্তর পার্শ্বের রুমের ভিতর আসামী মোমিন @ বোমারু মমিন (৩৪), পিতা-নবাব আলীসহ ও অন্যান্য আসামীগণ বাংলাদেশের অখণ্ডতা, সংহতি, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন এবং রাষ্ট্রের সম্পত্তি ক্ষতি সাধন করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখঃ ২৭ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/১১ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১১.১৪-৬৩৬**—বগুড়া জেলার বগুড়া সদর থানার মামলা নম্বর-১০৫, তারিখ: ৩০-০৬-২০১৬ খ্রিঃ ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(২) (ঈ) ধারা গত ৩০-০৬-২০১৬ খ্রিঃ তারিখ বগুড়া জেলার বগুড়া সদর থানাধীন জামিল ইয়াছিন নগরস্থ ধৃত আসামীর নিজ বসত বাড়ীর উত্তর পার্শ্বে বাউন্ডারী করা আম বাগানের উত্তর পার্শ্বে টিনের ছোট ছাপড়াঘরে আসামী মোঃ এরশাদুল বারী এরশাদ (৪০) (জামায়েত নেতা) পিতা-মৃত কছিমউদ্দিনসহ ও অন্যান্য আসামীগণ সরকার বিরোধী তথা রাষ্ট্রবিরোধী জিহাদী বই প্রচারণাসহ নাশকতার উদ্দেশ্যে রাষ্ট্রীয় সম্পত্তি ধ্বংসের ষড়যন্ত্র করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামালাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/৮ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১১.১৬-৬৩৭**—সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ থানার মামলা নম্বর-৪৯, তারিখ: ২৩-০৭-২০১৬ খ্রি: ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৮/৯/১০/১৩ ধারা গত ২৩-০৭-২০১৬ খ্রি: তারিখ সিরাজগঞ্জ জেলার সিরাজগঞ্জ থানাধীন মাসুম উত্তর পাড়াস্থ জনৈক হুকুম আলী, পিতা-মৃত মুছা শেখ এর বাড়ীর ধৃত আসামীদের ভাড়া করা আধাপাকা বাড়ীর উত্তর পশ্চিম কোণার কক্ষে আসামী মোছা: নাদিয়া তাবাসুম রানী (৩০), স্বামী-মো: মাহবুবুর রহমান @ মাহবুবসহ অন্যান্য আসামীগণ নাশকতা কর্মকাণ্ড সংঘটনের নিমিত্তে নিষিদ্ধ ঘোষিত জেএমবি'র সংগঠন এর সদস্য গ্রহণ, সমর্থন ও সন্ত্রাসী প্ররোচিত করা এবং ককটেল বোমা, গ্রেনেড তৈরীর উপকরণ নিজ হেফাজতে রেখে সন্ত্রাসী কর্মকাণ্ডের সহিত লিপ্ত থাকার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামালাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/১১ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৬-৬৩৮**—সিলেট এয়ারপোর্ট থানার মামলা নম্বর-১১, তারিখ: ২২-১২-২০১৩ খ্রি: ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) এর ১০/১৩ ধারা গত ২২-১২-২০১৩ খ্রি: তারিখ সিলেট জেলার এয়ারপোর্ট থানাধীন শাহী ঈদগা হাজারীবাগ জামে মসজিদের সামনে আসামী খালেদুর রহমান তানভীর (১৯), পিতা-আব্দুর রউফসহ ও অন্যান্য আসামীগণ নিষিদ্ধ সংগঠনের (হিযবুত তাহরীর) সদস্য হয়ে উক্ত সংগঠনের প্রচারপত্র বিলি করতঃ সন্ত্রাসী কমকাণ্ডে প্ররোচিত করা এবং রাষ্ট্র ও সরকারের বিরুদ্ধে ষড়যন্ত্র লিপ্ত থাকার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামালাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৬-৬৩৯**—সিলেট ফেঞ্চুগঞ্জ থানার মামলা নম্বর-০৪, তারিখ: ১৫-০৬-২০১৬ খ্রি: ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) ৬(২) (ই) (ঈ)/১২ ধারা গত ১৪-০৬-২০১৬ খ্রি: তারিখ সিলেট জেলার ফেঞ্চুগঞ্জ থানাধীন ফরিদপুর গ্রামস্থ আসামী হুসাইন আহম্মদ এর বসত বাড়ীর পূর্বমুখী বসত ঘরের উত্তর পার্শ্বের ফটিক রুম আসামী মোঃ মাহফুজ উদ্দিন @ নজরুল (৪৫), পিতা-মৃত আকলু মিয়াসহ ও অন্যান্য আসামীগণ ব্যক্তি ও প্রজাতন্ত্রের সার্বভৌমত্ব ও জীবন বিপন্ন করিবার উদ্দেশ্যে জনগণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে সরকার ও আইন প্রয়োগকারী সংস্থাকে আইনসঙ্গত কার্যকর হইতে বিরত রাখার উদ্দেশ্যে ষড়যন্ত্রে লিপ্ত এবং তৎকার্যে পরস্পর পরস্পরকে সহায়তা এবং প্ররোচনা দেওয়ার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামালাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/৮ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৬-৬৪০**—সিলেট বিয়ানীবাজার থানার মামলা নম্বর-০৭, তারিখ: ১১-০৬-২০১৬ খ্রি: ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) ৬(২) (ই) (ঈ)/১২ ধারা গত ১১-০৬-২০১৬ খ্রি: তারিখ সিলেট বিয়ানীবাজার থানাধীন চারঘাট ইউনিয়নের অন্তর্গত চারঘাট বাজারস্থ পশ্চিম বাজারের আলম টাওয়ারের নীচে আসামী মঞ্জুর আহমদ চৌধুরী (২৭), পিতা-মোঃ শামছুদ্দিন চৌধুরীসহ ও অন্যান্য আসামীগণ জননিরাপত্তা সার্বভৌমত্ব বিপন্ন করিবার উদ্দেশ্যে জনগণের মধ্যে আতংক সৃষ্টির মাধ্যমে সরকার ও আইন প্রয়োগকারী সংস্থাকে আইন সঙ্গত কার্য করা হইতে বিরত রাখার উদ্দেশ্যে ষড়যন্ত্রে লিপ্ত হয়ে এবং হিন্দু সেবায়েত, পুরোহিত ও ব্লগারসহ সমাজের বিশিষ্ট লোকদের হত্যা করার জন্য টার্গেট কিলিং এর পরিকল্পনা করিয়া ও তৎকার্যে পরস্পরকে সহায়তা এবং প্ররোচনা করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ২৭ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/১১ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৬-৬৪১**—ডিএমপি ঢাকা যাত্রাবাড়ী থানার মামলা নম্বর-৩৫, তারিখ: ১১-০৮-২০১৬ খ্রি: ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) ৬ (২) (ই) (ঈ)/১০ গত ১১-০৮-২০১৬ খ্রি: ডিএমপি, ঢাকা যাত্রাবাড়ী থানাধীন ঢাকা মহাসড়কের উত্তরে মাছবাজার সংলগ্ন ৬ তলা বিশিষ্ট মৎস ভবন বিল্ডিং এর পিছনে টিনশেড এর নিচে আসামী মোঃ রিদোয়ান (৩৪), পিতা আ: সালামসহ ও অন্যান্য আসামীগণ বাংলাদেশের জনসাধারণের মধ্যে আতংক সৃষ্টির ও প্রজাতন্ত্রের সম্পত্তির ক্ষতিসাধনের মাধ্যমে নির্বাচিত গণতান্ত্রিক সরকারকে উৎখাতে ক্ষমতাচ্যুত করার চেষ্টা করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/৮ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০২.১৬-৬৪২**—ডিএমপি ঢাকার তেজগাঁও থানার মামলা নম্বর-২০, তারিখ: ১৫-০৮-২০১৬ খ্রি: ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩)/ ১০/১১/১২ গত ১৫-০৮-২০১৬ খ্রি: তারিখ ডিএমপি, ঢাকা তেজগাঁও থানাধীন ১৩/১, ডিএমসি পশ্চিম নাখালপাড়া, রুবি ভিলাস্থ ৫ম তলার পশ্চিম পাশের ২য় কক্ষে আসামী আব্দুল কাহহার মিশকাত (২৫), পিতা-আব্দুল কাইয়ুমসহ ও অন্যান্য আসামীগণ পরস্পর যোগসাজশ ও সহায়তায় সরকার বিরোধী সন্ত্রাসী কার্যকলাপ সংঘটনের ষড়যন্ত্র ও অপরাধ সংঘটনের অপচেষ্টায় লিপ্ত থাকার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/১৪ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০১.১৬-৬৪৯**—জয়পুরহাট জেলার পাঁচবিবি থানার মামলা নম্বর-১০, তারিখ: ১২-০৬-২০১৬ খ্রি: ধারা- সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) এর ৬ (২) এর (ঈ) গত ১২-০৬-২০১৬ খ্রি: তারিখ জয়পুরহাট জেলার পাঁচবিবি থানাধীন নাকুরগাছী গ্রামস্থ আসামী মোঃ আসাদুল্লাহ (১৯), পিতা-মোঃ আব্বাস আলীসহ ও অন্যান্য আসামীগণ সন্ত্রাসী কার্যকলাপের মাধ্যমে কোন ব্যক্তি বা রাষ্ট্রের ক্ষতি সাধনের উদ্দেশ্যে ষড়যন্ত্র ও প্ররোচনা করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম কে হাসান মাহমুদ**
সহকারী সচিব।

## পুলিশ-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৩/০৮ ডিসেম্বর ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৯৪.০২.০২০.১৩-১৫২০**—যেহেতু জনাব মোঃ তানভীর ভূঞা, সিনিয়র সহকারী পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা (বর্তমানে সাময়িক বরখাস্ত ও পুলিশ সদর দপ্তরে সংযুক্ত) এর বিরুদ্ধে খুলনা ক্লাবে প্রবেশ এবং কলগার্লকে নিয়ে মীনা বাজার ও সেফ এণ্ড সেভ শপিং সেন্টারে কেনাকাটা করা, গত ১৩-০৮-২০১২ তারিখে খুলনা ক্লাবে অবস্থান করে গালিব নামে জনৈক যুবকের ব্যক্তিগত গাড়িতে উক্ত যুবক ও একজন তরুণীসহ নিরালা আবাসিক এলাকার ৩ নং রোড, ৪ নং বাসায় গিয়ে সারারাত অবস্থান করা, গত ১৪-০৮-২০১২ তারিখ রাত অনুমান ২-৩০ টায় ভাড়া বাসায় এসে নাইট গার্ডদের দেখে অকথ্য ভাষায় গালাগাল করা, গত ১৫-০৮-২০১২ তারিখ ইতি নামক এক কলগার্লকে নিয়ে নিজের বাসায় প্রবেশ করা এবং গত ০২-০৯-২০১২ তারিখে খুলনা ক্লাবের বার-এ ক্লাবের স্টাফদের সাথে বাগবিতণ্ডায় লিপ্ত হওয়ার অভিযোগে সরকারি কর্মচারি (শৃংখলা ও আপিল) বিধিমালা, ১৯৮৫ এর বিধি ৩(বি) বিধি মোতাবেক অসদাচরণের দায়ে তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় অভিযোগ বিবরণী ও অভিযোগনামা জারী করা হয়; এবং

২। যেহেতু তিনি লিখিত জবাব দাখিল করেন ও ব্যক্তিগত শুনানীতে হাজির হন; এবং

৩। যেহেতু অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি, সরকার পক্ষের বক্তব্য, বিভাগীয় মামলার তদন্ত রিপোর্ট, সাক্ষ্য প্রমাণ, জবানবন্দীসহ অন্যান্য সংশ্লিষ্ট প্রাসংগিক বিষয়াদিসহ অভিযোগের গুরুত্ব, গভীরতা, ধরন, রকম ও সার্বিক পারিপার্শ্বিক অবস্থা পর্যালোচনা, পরীক্ষা ও বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগ প্রমাণিত হলেও একজন নবীন কর্মকর্তা বিবেচনায় গুরুদণ্ডের পরিবর্তে লঘুদণ্ড প্রদান করা সমীচীন মর্মে প্রতীয়মান।

৪। সেহেতু সার্বিক অবস্থা পর্যালোচনা করে অভিযুক্ত জনাব মোঃ তানভীর ভূঞা, সিনিয়র সহকারী পুলিশ কমিশনার, কেএমপি, খুলনা (বর্তমানে সাময়িক বরখাস্ত ও পুলিশ সদর দপ্তরে সংযুক্ত)-কে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ এর ৪(২)(বি) অনুযায়ী তার বার্ষিক বেতন বৃদ্ধি ০৪(চার) বছরের জন্য স্থগিত রাখার লঘুদণ্ডে দণ্ডিত করা হলো এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ১০-০৯-২০১২ তারিখের ৪৪.০০.০০০০.০৯৪.০০২.০০৯.১২-৭১৬ নম্বর প্রজ্ঞাপনমূলে সাময়িকভাবে বরখাস্ত আদেশটি এতদ্বারা প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য করা হলো। উল্লেখ্য তার উপর আরোপিত দণ্ড শেষে স্বাভাবিক নিয়মে তিনি বেতন ভাতাদি প্রাপ্য হবেন। এতদ্‌সংক্রান্ত আদেশ জারীর তারিখ থেকে উক্ত দণ্ড ০৪(চার) বছরের জন্য কার্যকর হবে।

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

## বহিরাগমন অধিশাখা-৪

### প্রজ্ঞাপন

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৩/০৮ ডিসেম্বর ২০১৬

**নং ৪৪.০০.০০০০.০৪১.০২৫.০২৪.১২-২৮৬**—যেহেতু, দুর্নীতি দমন কমিশন, জনাব মোঃ রেজাউল ইসলাম, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, ফেনী কে জনতা ব্যাংক, কৈমারী শাখা, জলঢাকা, নীলফামারীতে কর্মরত থাকাকালীন উক্ত প্রতিষ্ঠানের আর্থিক অনিয়মের কারণে তার বিরুদ্ধে জলঢাকা থানায় দায়েরকৃত মামলায় (মামলা নং-০২, তারিখ: ০২-০৬-২০১৬, ধারা দণ্ডবিধি-৪০৯, ৪২০) গ্রেফতার করে এবং বিজ্ঞ আদালত তাকে জেল হাজতে প্রেরণ করে;

২। যেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg-VII)-S-123/78/115(500), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী কোন কর্মচারীকে গ্রেফতারের পর সাময়িক বরখাস্ত করার বিধান রয়েছে;

৩। সেহেতু, জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরেন্ডাম নং-ED(Reg-VII)-S-123/78/115(500), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের আঞ্চলিক পাসপোর্ট অফিস, ফেনী-এর সহকারী পরিচালক জনাব মোঃ রেজাউল ইসলাম-কে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হলো:

৪। বাংলাদেশ সার্ভিস রুলস (বি. এস. আর) পার্ট-১, বিধি ৭১ মোতাবেক সাময়িক বরখাস্তকালীন তিনি খোরাকি ভাতা প্রাপ্য হবেন;

৫। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

---

## কারা-১ অধিশাখা

### প্রজ্ঞাপন

তারিখ: ২৪ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/০৮ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.২৩.২৩.০০৩.১৫-৪১৪**—যেহেতু জনাব আবু নুর মোঃ রেজা, জেলার (সুনামগঞ্জ জেলা কারাগারে কর্মরত) এর বিরুদ্ধে দায়িত্ব ও কর্তব্যে চরম অবহেলার দায়ে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ অনুযায়ী স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ১০-০৪-২০১৬ খ্রিঃ তারিখের ৪৪.০০.০০০০.০২৩.২৩.০০৩.২০১৫-১০২ নং স্মারকমূলে বিভাগীয় মামলা রুজু করে তাঁর বিরুদ্ধে অভিযোগ গঠন করা হয়; এবং

যেহেতু, আনীত অভিযোগের প্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা বিগত ২৫-০৫-২০১৬ খ্রিঃ তারিখে তাঁর লিখিত জবাব দাখিল করেন এবং সরকারি কর্মচারি (শৃংখলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৬(এ) বিধানমতে সিনিয়র সচিব এর নিকট হাজির হয়ে ব্যক্তিগত শুনানী প্রদান করেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানীতে প্রদত্ত বক্তব্য, উপস্থাপিত কাগজপত্র ও অন্যান্য তথ্যাদি, সরকার পক্ষের বক্তব্য ও সার্বিক পারিপার্শ্বিক অবস্থা পর্যালোচনা, পরীক্ষা ও বিবেচনা করে অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত দায়িত্ব ও কর্তব্যে চরম অবহেলার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত না হলেও তার অধস্তন কর্মকর্তা/কর্মচারীদের দায়িত্ব পালনে শিথিলতা তার নজর এড়িয়ে যাওয়ার বিষয়টি দায়িত্বশীল সরকারি কর্মকর্তা সুলভ আচরণ-হিসেবে বিবেচনা করা যায় না;

সেহেতু, সার্বিক অবস্থা পর্যালোচনা করে নিম্নোক্ত আদেশ প্রদান করা হলো ঃ

> "জনাব মোঃ আবু নূর মোঃ রেজা, জেলার, সুনামগঞ্জ জেলা কারাগারকে সরকারি কর্মচারি (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা, ১৯৮৫ এর ৭(২) (বি) বিধি অনুসারে ৪(২)(এ) বিধি মোতাবেক তিরস্কার দণ্ড প্রদান করা হলো।"

জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**ড. মোঃ মোজাম্মেল হক খান**
সিনিয়র সচিব।

## আইন-৩ অধিশাখা

## প্রজ্ঞাপনসমূহ

তারিখঃ ৩০ অগ্রহায়ণ ১৪২৩ বঙ্গাব্দ/১৪ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০০৩.১৬-৬৪৬**—যশোর জেলার কোতয়ালী মডেল থানার মামলা নম্বর-১০৪, তারিখ: ২১-০৯-২০১৫ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬(১) (ক) (ঈ)/৮/৯/১২ গত ২১-০৯-২০১৫ খ্রিঃ তারিখ যশোর জেলার কোতয়ালী মডেল থানাধীন শহিদ মশিউর রহমান সড়ক সংলগ্ন পুরাতন কসবা কদম তলা সাকিনস্থ আসামী তানজিব আহম্মেদ @ আশরাফুল (২০), পিতা-আঃ আজিজ নিষিদ্ধ হিজবুত তাহরীর উলাই'য়াহ বাংলাদেশের সক্রিয় সদস্য ও জঙ্গি সংগঠনের যশোর জেলার আঞ্চলিক নেতা ও অন্যান্য আসামীগণ পরস্পর যোগসাজশে যৌথভাবে সন্ত্রাসী কার্যক্রম পরিচালনার লক্ষ্যে নিষিদ্ধ জঙ্গি সংগঠনের সদস্যপদ, সংগ্রহ, সমর্থন, সহায়তা করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০৩.১৬-৬৪৭**—নাটোর জেলার সিংড়া থানার মামলা নম্বর-১২, তারিখ : ১৭-০৭-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৮/৯(৩)/১০/১২ গত ১৬-০৭-২০১৬ খ্রিঃ তারিখ নাটোর জেলার সিংড়া থানাধীন বড় বারেইহাটি গ্রামস্থ ধৃত আসামী মিজানুর রহমান, পিতা-মোঃ মেহের আলী মাস্টার এর বসত বাড়ীর উত্তর দুয়ারী শয়ন ঘরে আসামী নিজে জঙ্গি সংগঠনের সদস্যসহ অন্যান্য আসামীগণ দেশে অস্থিতিশীল পরিস্থিতি সৃষ্টির জন্য গোপন বৈঠক করা, জঙ্গি সংগঠনকে সমর্থন ও নাশকতামূলক কর্মকাণ্ডের ষড়যন্ত্রসহ পারস্পারিক সহায়তার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০৩.০০১.১৫-৬৪৮**—নারায়ণগঞ্জ জেলার নারায়ণগঞ্জ সদর মডেল থানার মামলা নম্বর-৫৪, তারিখ: ২৯-০৮-২০১৬ খ্রিঃ ধারা-সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ (সংশোধনী/২০১৩) এর ৬/১০/১২/১৩ ধারা গত ২৮-০৮-২০১৬ খ্রিঃ তারিখ নারায়ণগঞ্জ জেলার নারায়ণগঞ্জ সদর মডেল থানাধীন বাপ্পী স্মরণী রোড ১৮৬/১ পাইকপাড়া সাকিনস্থ জনৈক মোঃ নাসির উদ্দিন @ টটুল এর তৃতীয় বিল্ডিং এর ২য় তলার পূর্ব পাশে আসামী মোঃ ইব্রাহিম খলিল @ সোহেল (২২), পিতা-আবুল খায়েরসহ ও অন্যান্য আসামীগণ সরকার বিরোধী কর্মকাণ্ড, নাশকতা, আইনশৃঙ্খলা অবনতির পরিকল্পনা, দাহ্য পদার্থ দ্বারা নাশকতায় প্ররোচিত ও সহায়তা করার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

তারিখঃ পৌষ, ১৪২৩ বঙ্গাব্দ/২০ ডিসেম্বর ২০১৬ খ্রিস্টাব্দ

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৬-৬৫৯**—সিলেট জৈন্তাপুর মডেল থানার মামলা নম্বর-০৬, তারিখ: ১৩-০৬-২০১৬ খ্রিঃ ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) ৬(২) এর (ই) (ঈ)/১০/১১/১২/১৩ ধারা গত ১২-০৬-২০১৬ খ্রিঃ সিলেট জেলার জৈন্তাপুর থানাধীন চারিকাটা দারুল ইসলাম দাখিল মাদ্রাসার পুরাতন টিনশেড ভবনের বারান্দায় দক্ষিণ পাশে আসামী নাজমুল ইসলাম (২৫), পিতা-মোহাম্মদ আলী ওরফে মখাসহ ও অন্যান্য আসামীগণ সন্ত্রাসী কার্যক্রমের মাধ্যমে প্রজাতন্ত্রের ক্ষতিসাধন করার প্রচেষ্টা, ষড়যন্ত্র সহায়তা ও প্ররোচিত করে দেশের নিরাপত্তা বিঘ্নকারী অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

**নং ৪৪.০০.০০০০.০৫৭.০২.০১০.১৬-৬৬০**—সিলেট কানাইঘাট থানার মামলা নম্বর-১৬, তারিখ: ১০-০৬-২০১৬ খ্রিঃ ধারা সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ এর (সংশোধনী/২০১৩) এর ৬(২) (ই) (ঈ)(উ) ১০/১২/১৩ ধারা গত ১০-০৬-২০১৬ খ্রিঃ সিলেট জেলার কানাইঘাট পৌরসভাধীন দক্ষিণ বাজারস্থ সেবুল ফার্নিচার নামক ভবনের উপর তলায় (২য় তলা) আসামী আবুল কালাম আজাদ (৩৭), পিতা-সিদ্দিকুর রহমানসহ ও অন্যান্য আসামীগণ সন্ত্রাসী কার্যকলাপ করে প্রজাতন্ত্রের সম্পত্তির ক্ষতিসাধনের চেষ্টা, প্রজাতন্ত্রের কোন সম্পত্তি ক্ষতিসাধন করার উদ্দেশ্যে ষড়যন্ত্র, সাহায্যে ও সহায়তায় এবং প্ররোচিত করার উদ্দেশ্যে উল্লিখিত লিফলেট, জিহাদী বই ও চকলেট বোমা মজুদ রাখার অপরাধ তদন্তে প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় মামলাটি বিচারার্থে আমলে গ্রহণ করার লক্ষ্যে আইনগতভাবে আবশ্যকীয় বিধায় সন্ত্রাস বিরোধী আইন, ২০০৯ {(সংশোধনী, ২০১২) ও (সংশোধনী, ২০১৩)} এর ধারা ৪০ উপ-ধারা (২) এর অধীন সরকারের পূর্বানুমোদন (Sanction) এতদ্দ্বারা জ্ঞাপন করা হ'ল।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এম কে হাসান মাহমুদ**
সহকারী সচিব।

## স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
## স্থানীয় সরকার বিভাগ
## উপজেলা-২ শাখা

## প্রজ্ঞাপন

তারিখঃ ০৪ পৌষ ১৪২৩ বঃ/১৮ ডিসেম্বর ২০১৬ খ্রিঃ

**নং ৪৬.০৪৫.০২৭.০৮.১০০.১০০.২০১৬-১২৭১**—যেহেতু, জনাব আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, সেনবাগ উপজেলা পরিষদ, নোয়াখালী এর বিরুদ্ধে দায়েরকৃত সেনবাগ থানার মামলা নং-১০, তাং : ১৭-০৮-২০০৬ খ্রিঃ (জি. আর-১৩৩/ ২০০৬), সুধারাম থানার মামলা নং-২৯, তাং: ২৯-০৯-২০০৯ খ্রিঃ (জি আর-১০৫১/২০০৯) ও সেনবাগ থানার মামলা নং-০২, তাং: ০৭-০১-২০১৫ (জি আর-৩১/২০০৯) এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব আবুল কালাম আজাদ, চেয়ারম্যান, সেনবাগ উপজেলা পরিষদ, নোয়াখালী-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে নোয়াখালী জেলার সেনবাগ উপজেলা পরিষদের চেয়ারম্যান জনাব আবুল কালাম আজাদকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হ'ল এবং অবিলম্বে তা কার্যকর হবে।

**লুৎফুন নাহার**
সিনিয়র সহকারী সচিব।